

গন্ধরেখার পশ্চে তোমার শূন্যে গতি,
লেখন রে মোর, ছন্দ-ডানার প্রজাপতি—
স্বপ্নবনের ছায়ায় আলোয় বেড়াস দুলি
পরান-কণা বিন্দুসুরার নেশার ঘোরে ॥
চৈত্র হাওয়ায় যে চঞ্চলের ক্ষণিক বাসা
পাতায় পাতায় করিস প্রচার তাহার ভাষা—
অঙ্গুরীদের দোলের দিনের আবির্-ধুলি
কৌতুকে ভোর পাঠায় কে তোর পাখায় ভ'রে ॥
তোর মাঝে মন কীর্তি আপন নিষ্কাতরেই করল হেলা ।
তার সে চিকন রঙের লিখন ক্ষণেকতরেই খেয়াল খেলা ।
সুর বাঁধে আর সুর সে হারায় দণ্ডে পলে,
গান বহে যায় লুপ্ত সুরের ছায়ার তলে,
পশ্চাতে আর চায় না তাহার চপল তুলি—
রয় না বাঁধা আপন ছবির রাখীর ডোরে ॥

Parjaay: Prem O Prakriti

Visit www.geetabitan.com for notation and other detail